

📖 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩৪. কেউ যদি ভুলক্রমে কিছু খেয়ে ফেলে তবে কি তার সিয়াম ভঙ্গ হয়ে যাবে?

না, ভাঙবে না। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

১. যদি কেউ ভুলক্রমে পানাহার করে তবে সে যেন তার সিয়াম পূর্ণ করে নেয়, কেননা আল্লাহ তাআলাই তাকে এ পানাহার করিয়েছেন (অর্থাৎ এতে তার রোযা ভাঙেনি)। (বুখারী: ১৯৩৩ ও মুসলিম: ১১৫)।

২. যে ব্যক্তি ভুলবশতঃ রমযানে দিনের বেলায় কিছু খেয়ে ফেলল: সেজন্য কোন কাযা ও কাফফারা দিতে হবে না। (দারাকুতনী: ২৪, বায়হাকী: ৭৮৬৩)।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=13433>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন